

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩১৪৬

আগরতলা, ২৯ সেপ্টেম্বর, ২০২৬

মুখ্যমন্ত্রী রাবার মিশন প্রকল্পের সাফল্যের স্বীকৃতিস্বরূপ স্কচ
এওয়ার্ড সিলভার-এ সম্মানিত ত্রিপুরার জনজাতি কল্যাণ দপ্তর

মুখ্যমন্ত্রী রাবার মিশন প্রকল্প সফলভাবে বাস্তবায়নের স্বীকৃতিস্বরূপ ত্রিপুরা সরকারের জনজাতি কল্যাণ দপ্তর মর্যাদাপূর্ণ স্কচ এওয়ার্ড সিলভার সম্মানে ভূষিত হয়েছে। ১৪ আগস্ট, ২০২১ সালে চালু হওয়া মুখ্যমন্ত্রী রাবার মিশন প্রকল্পের মূল লক্ষ্য হল রাবার চাষের মাধ্যমে বিশেষ করে জনজাতি ও প্রান্তিক জনগোষ্ঠীর জন্য দীর্ঘমেয়াদি জীবিকা ও আয়ের সুযোগ সৃষ্টি করা। প্রকল্পের আওতায় রাবার চাষ সম্প্রসারণের পাশাপাশি চাষীদের প্রশিক্ষণ, সক্ষমতা বৃদ্ধি, প্রক্রিয়াকরণ এবং মূল্য সংযোজনের উপর গুরুত্ব দেওয়া হয়েছে।

প্রাথমিক ভাবে ৩০,০০০ হেক্টর জমিতে রাবার চাষের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হলেও প্রকল্পটির ব্যাপক সাড়ার কারণে তা বৃদ্ধি করে ৬৯,০০০ হেক্টর করা হয়। বর্তমানে ৬৯,৯৪৪.৪৫ হেক্টর জমি রাবার চাষের আওতায় এসেছে এবং ৮৯,৮৯৫ জন সুবিধাভোগী উপকৃত হয়েছেন। রাবার শিটের গুণমান ও বাজরমূল্য বৃদ্ধির লক্ষ্যে ৪৬টি বৃহৎ স্মোক হাউস এবং ২৫টি সুসংহত রাবার প্রক্রিয়াকরণ কেন্দ্র স্থাপনের উদ্যোগ নেওয়া হয়েছে। এর মাধ্যমে রাবার প্রক্রিয়াকরণ ও মূল্য সংযোজনের সুযোগ আরও বৃদ্ধি পাবে।

মুখ্যমন্ত্রী রাবার মিশন প্রকল্প বাস্তবায়নে জনজাতি কল্যাণ দপ্তর, নাবার্ড, রাবার বোর্ড, আত্মা, এমজিএনরেগা, টিএফডিপিসি লিমিটেড, টিআরপিসি লিমিটেড, টিআরপিএন্ডপিটিজি এবং টিটিএএডিসি সহ বিভিন্ন সংস্থা সমন্বিতভাবে কাজ করছে। স্কচ এওয়ার্ড সিলভার সম্মাননা ত্রিপুরার জনজাতি ও প্রান্তিক জনগোষ্ঠীর দীর্ঘমেয়াদি জীবিকা, আর্থিক স্বনির্ভরতা এবং রাবারভিত্তিক অর্থনৈতিক কর্মকাণ্ডের প্রসারে গৃহীত উদ্যোগের একটি গুরুত্বপূর্ণ স্বীকৃতি। জনজাতি কল্যাণ দপ্তরের পক্ষ থেকে এক বিবৃতিতে এই সংবাদ জানানো হয়েছে।
